

বক্তাবাহা

ব্র্যাক বিজনেস স্কুল আয়োজিত সম্মেলনে বক্তারা :
অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সামাজিক উন্নয়নেও জোর দিতে
হবে

নিজস্ব প্রতিবেদক | ২২:৩৬:০০ মিনিট, এপ্রিল ২৭, ২০১৯



বাংলাদেশ এগিয়ে যাচ্ছে মধ্যম আয়ের দেশে। দেশের এ অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি সামাজিক ক্ষেত্রগুলোতেও উন্নয়নের ছোঁয়া লাগাতে হবে। শিক্ষার্থী-গ্র্যাজুয়েট-গবেষক নিয়ে চলমান ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম) ২০১৯-এর দ্বিতীয় দিনে গতকাল এসব কথা বলেন বক্তারা। বৃহস্পতিবার শুরু হওয়া এ সম্মেলনের আয়োজক ব্র্যাক বিজনেস স্কুল।

গতকাল সম্মেলনের একটি অধিবেশনে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও ব্র্যাক বিজনেস স্কুলের প্রফেসর ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, বাংলাদেশ উন্নয়নের পথে অনেকদূর এগোলেও তার সুষম বন্টন হচ্ছে না। উন্নয়নের অন্যতম পূর্বশর্ত হলো গণতন্ত্র। বাংলাদেশের গণতন্ত্রের কথা বলতে গিয়ে আমাদের দেশের নীতিনির্ধারকরা চীন-কোরিয়ার মতো দেশগুলোর উদাহরণ দেন। এটা কখনই ভালো উদাহরণ হতে পারে না।

দ্বিতীয় দিনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং। তিনি বলেন, অর্থনৈতিকভাবে বাংলাদেশ এখন শক্তিশালী দেশগুলোর কাতারে। ব্যবসা-বাণিজ্য দারুণভাবে বিকশিত হচ্ছে। নতুন ও উদ্ভাবনী ধারণা তৈরির জায়গা হিসেবে এ ধরনের কনফারেন্স দেশী-বিদেশী গবেষক-শিক্ষার্থীদের মিলনমেলায় পরিণত হয়েছে।

প্রথম অধিবেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন তাইওয়ানের ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর ড. জং রু লি। নিউ ইন্টারনেট মার্কেটিং স্ট্র্যাটেজি, ব্লকচেইন ম্যানেজমেন্ট নিয়ে আলোচনা করেন তিনি।

পরে 'রাইজ অব দ্য ইন্ডাস্ট্রি ৪.০' শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা। তিনি বলেন, বর্তমান সময়ে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের অভূতপূর্ব উন্নতি হয়েছে। বিশ্ব ডিজিটাইজেশনের দিকে এগোলেও ডিজিটাল বিশ্বের দিকে বাংলাদেশের যাত্রাটা সেভাবে গতিশীল হয়নি। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে যত দ্রুত সম্ভব নতুন এ বিষয়গুলোর সঙ্গে পরিচিত হওয়ার কথা বলেন তিনি।

সম্মেলনটি শেষ হবে আজ শনিবার। শেষদিনে 'ইন্ডাস্ট্রি টক' শিরোনামে একটি অধিবেশন রাখা হয়েছে, যেখানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্পপ্রতিষ্ঠানের শীর্ষ ব্যক্তির বক্তব্য রাখবেন।